

💵 গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় : গুনাহ মাফের উপায় রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

৮. ঈমান আনা ও তাকওয়া অবলম্বন করা

ঈমান আনার পর 'আমলে সালেহের পাশাপাশি জীবনের সর্বক্ষেত্রে তাকওয়া অবলম্বন করলে আল্লাহ তার গুনাহ মাফ করবেন এবং তাকে জান্নাতে প্রবেশ করাবেন।

আল্লাহ তা'আলা বলেন:

"আর যদি কিতাবীরা ঈমান আনত এবং তাকওয়া অবলম্বন করত তবে অবশ্যই আমি তাদের থেকে পাপগুলো দূর করে দিতাম এবং অবশ্যই তাদেরকে আরামদায়ক জান্নাতসমূহে প্রবেশ করাতাম।"[1]

আল্লাহ তা'আলা বলেন:

يَا يُهَا الَّذِينَ آمَنُوا إِنْ تَتَّقُوا اللهَ يَجْعَلُ لَكُمْ فُرْقَانًا وَيُكَفِّرْ عَنْكُمْ سَيِّبًاتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ
"হে মু'মিনগণ! যদি তোমরা আল্লাহকে ভয় কর তাহলে তিনি তোমাদের জন্য ফুরকান প্রদান করবেন, তোমাদের
থেকে তোমাদের পাপসমূহ দূর করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আর আল্লাহ মহা অনুগ্রহশীল।"[2]
আল্লাহ তা'আলা আরও বলেন:

وَمَنْ يَتَّقِ اللهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِه وَيُعْظِمْ لَه أَجْرًا

"আর যে আল্লাহকে ভয় করে তিনি তার গুনাহসমূহ মোচন করে দেন এবং তার পুরস্কারকে মহান করে দেন।"[3]

ফুটনোট

- [1]. সূরা আল মায়িদাহ্ ৫: ৬৫।
- [2]. সুরা আল আনফাল ৮ : ২৯।
- [3]. সূরা আত্ব ত্বলাক ৬৫: ৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9111

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন